**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর**

**www.jessoreboard.gov.bd**

তারিখ : ০৮-১১-২০২৩ খ্রি.

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০২/২৬

**বিষয় : ২০২৩ সালে অধ্যায়নরত ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও নিবন্ধন প্রসঙ্গে।**

কতৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওয়াতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবগত করা যাচ্ছে যে, ২০২৩ সালে অধ্যায়নরত ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের তথ্য আপলোড, সংশোধন ও নিবন্ধন নিম্নরুপ সম্পন্ন করতে হবে-

১। ২০২৩ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যায়নরত সকল শিক্ষার্থীদের তথ্য অনলাইনে আপলোড করতে হবে।

২। যে সকল প্রতিষ্ঠানে কম্পিউটারসহ ইন্টারনেট সংযোগ নেই তাদের নিকটবর্তী ইউনিয়ন ই-সেবা কেন্দ্রের মাধ্যমে তথ্য আপলোড করতে হবে। কোনক্রমেই কোন দোকান/ব্যক্তিগত প্রতিষ্ঠানে নিবন্ধন করা যাবে না।

৩। জাতীয় শিক্ষা নীতি, ২০১০ অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারী পরীক্ষার্থীর নূন্যতম বয়স ৯+ বছর এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৫ বছর, অর্থাৎ জন্ম তারিখ ০১-০১-২০০৭ তারিখ হতে ৩১-১২-২০১১ তারিখ বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে ০১-০১-২০০২ তারিখ হতে ৩১-১২-২০১১ তারিখের মধ্যে হতে হবে।

৪। প্রত্যেক প্রতিষ্ঠান তার শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি নিবন্ধন কমিটি গঠন করবে এবং কমিটি কর্তৃক প্রদানকৃত শিক্ষার্থীদের তথ্য প্রিন্ট করে যাচাইপূর্বক সকল সদস্যের স্বাক্ষর শেষে প্রধান শিক্ষকের অনুমোদনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে। যে কোন প্রকার ভুলত্রুটির জন্য প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।

৫। ১ ফেব্রুয়ারী ২০২৩খ্রি. তারিখে ৬ষ্ঠ শ্রেণির হাজিরা খাতা অনুযায়ী (উপস্থিত/অনুপস্থিত) সকল শিক্ষার্থীর তথ্য নিবন্ধনের জন্য প্রদান করতে হবে। নিবন্ধনের ক্ষেত্রে শ্রেণি রোলের ধারাবাহিকতা অবশ্যই বজায় রাখতে হবে। ভুলবশত কোন শিক্ষার্থী নিবন্ধন থেকে বাদ পড়লে তার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৬। নিবন্ধনের সময় শিক্ষার্থী/অভিভাবকের সক্রিয় মোবাইল নম্বর এন্ট্রি করতে হবে। প্রয়োজনে বোর্ড থেকে এই মোবাইল নম্বরে যোগযোগ করা হবে।

৭। অনলাইনে তথ্য আপলোড ও সংশোধন এবং নিবন্ধনকরণের সময়সূচি জরিমানা ছাড়া ১২-১১-২০২৩ খ্রি. হতে ০৪-১২-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত এবং বিলম্ব জরিমানা ফিসসহ ০৫-১২-২০২৩ খ্রি. হতে ১৭-১২-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত। নির্ধারিত তারিখের পর নতুন কোন তথ্য আপলোড করা যাবে না। প্রত্যেক প্রতিষ্ঠান নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের হার্ডকপি সংরক্ষণ করবে। পরবর্তীতে এই হার্ডকপি এর সাথে নিবন্ধন কার্ড যাচাই করতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন করতে হবে। তবে অনলাইনে তথ্য আপলোড না থাকলে তাকে শিক্ষার্থী বলে গণ্য করা যাবে না।

৮। শিক্ষার্থীদের নিকট হতে নির্ধারিত ফিসের বেশি অর্থ কোনক্রমেই আদায় করা যাবে না। শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত ফিস শুধুমাত্র সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে অনলাইনে প্রেরণ করতে হবে। কোনক্রমেই টিটি/ডিডি/পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

৯। (ক) ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থী প্রতি ফিসের হার

| বিবরণ | শিক্ষার্থীর সংখ্যা | নিবন্ধন ফিস | স্কাউট ফিস | রেডক্রিসেন্ট ফিস | মোট টাকার পরিমান | বিলম্ব ফিস |
|---|---|---|---|---|---|---|
| ফিসের পরিমাণ | ০১ | ৫০/- | ১৫/- | ৮/- | ৭৩/- | ৫০/- |

(খ) শিক্ষার্থী প্রতি রেডক্রিসেন্ট ফিস আদায় করে আদায়কৃত অর্থের ৬০% অর্থ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে রেখে অবশিষ্ট ৪০% হারে শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে। শিক্ষার্থী প্রতি মোট ফিস (বিলম্ব ফিস ব্যতীত) ৭৩ (তিয়াত্তর) টাকা মাত্র।

১০। যশোর বোর্ডের ওয়েবসাইট (www.jessoreboard.gov.bd) বামপাশের মেন্যু থেকে Student Management বাটনে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করে শিক্ষার্থীর নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বোর্ডের ওয়েবসাইটের LATEST NOTICE এ প্রদত্ত জেলাভিত্তিক মাষ্টার ট্রেইনারদের নিকট থেকে সেবা সংক্রান্ত সহায়তা নেয়ার জন্য যোগাযোগ করা যাবে। বিশেষ প্রয়োজনে যশোর শিক্ষা বোর্ডের নিম্নলিখিত নম্বরগুলোতে সহায়তা পাওয়া যাবে।

মোবাই নম্বর ০১৭৩২-৫০২৭৮৯, ০১৭১৫-৮৫১১৪৫,

১১। সকল প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শ্রেণিভিত্তিক দৈনিক হাজিরাসহ নিজ নিজ ওয়েবসাইটের সকল মেন্যুতে তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে।

১২। শিক্ষার্থীর নিজের এবং পিতা ও মাতার নামের পূর্বে Mr, Mrs, Miss, Sree, Sreemoti, Advocate, Hazi, Al-haz, Eng, Late, Major, Colonel, Brigadier, Dr, Prof ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA, MCOM, MSC, BA, BSC, BSS, BBS, FRCS, PHD, FCPS, FCA, Master ইত্যাদি ধরণের শিক্ষাগত যোগ্যতাসূচত শব্দ ব্যবহার করা যাবে না।

বি.দ্র. শিক্ষার্থীদের নিবন্ধনের তথ্য প্রদানের সময় পিইসি, জন্ম নিবন্ধন সনদ এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সাথে মিল রেখে শিক্ষার্থীর নাম, পিতার নাম মাতার নাম ও জন্ম তারিখের তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। শিক্ষার্থীর পিইসি, জন্ম নিবন্ধন সনদ এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্রে কোন প্রকার ভুল থাকলে তা সংশোধন করে তথ্য আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

০৮/১১/২০২৩

মোঃ সিরাজুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

তারিখ : ০৮-১১-২০২৩ খ্রি.

স্মারক নং-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/০২/২৬/৮
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
২। উপ-পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৩। উপ-পরিচালক (প্রাথমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৫। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
৬। উপজেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৮। সংরক্ষণ নথি।

A. Ali
08.11.2023

(মোঃ আহসান আলীম)
উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
ফোন : ০২৪৭৭৭৬২৭২৮
মোবাইল : ০১৭২১-৭৫৭০৭৮